গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট শাখা
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.molwa.gov.bd

নথি নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.১৭- ৯০০

তারিখ: ১১ বৈশাখ ১৪২৬ / ২৪ এপ্রিল ২০১৯

## পরিপত্র

বিষয়: **বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্তির ক্ষেত্রে বিবেচ্য প্রমাণক এবং মহানগর/উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি কর্তৃক অমুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত ব্যক্তিগণের সম্মানী ভাতা স্থগিতকরণ।**

সূত্র: **১। এ মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০২.৩৪.০০২.১২.৩৪০, তারিখ: ০২ সেপ্টেম্বর ২০১৫।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত স্মারকের (৩) নম্বর ক্রমিকে "ভাতা প্রাপ্তির ক্ষেত্রে বিবেচ্য" শিরোনামে প্রকাশিত বিষয়টি বাতিলক্রমে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বীর মুক্তিযোদ্ধাগণের সম্মানী ভাতা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত যে কোন একটি প্রমাণকে নাম উল্লেখ থাকলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্তির যোগ্য বিবেচিত হবেন:

**(১) ভারতীয় তালিকা:**

(ক) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা; (খ) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা); (গ) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা); (ঘ) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর); ঙ) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী);

(২) লাল মুক্তিবার্তা:

(ক) লাল মুক্তিবার্তা; (খ) লাল মুক্তিবার্তা স্মরণীয় যারা বরণীয় যারা;

**(৩) বে-সামরিক গেজেট:**

(ক) বেসামরিক গেজেট; (খ) মুজিবনগর গেজেট; (গ) বিসিএস ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত কর্মকর্তা গেজেট; (ঘ) বিসিএস গেজেট; (ঙ) স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট; (চ) বীরাঙ্গনা গেজেট; (ছ) স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট; (জ) ন্যাপ কমিউনিস্ট পার্টি ছাত্র ইউনিয়ন বিশেষ গেরিলা বাহিনী গেজেট; (ঝ) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত/দায়িত্বপালনকারী মুক্তিযোদ্ধা গেজেট;

(৪) বাহিনী গেজেট:

(ক) সেনাবাহিনী গেজেট; (খ) বিমানবাহিনী গেজেট; (গ) নৌবাহিনী গেজেট; (ঘ) নৌ-কমান্ডো গেজেট; (ঙ) বিজিবি গেজেট; (চ) পুলিশ বাহিনী গেজেট; (ছ) আনসার বাহিনী গেজেট।

তবে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস), কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল হতে সনদধারী কোন ব্যক্তি/ব্যক্তিগণকে বা এ মন্ত্রণালয় হতে যাঁদের নামে মুক্তিযোদ্ধা সনদপত্র/মুক্তিযোদ্ধা সাময়িক সনদপত্র ইস্যু করা হয়েছে, মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্তির ক্ষেত্রে উপরোক্ত (১) থেকে (৪) পর্যন্ত ক্রমিকে বর্ণিত যে কোন একটি প্রমাণকে তাঁদের নাম অবশ্যই থাকতে হবে।

০২। এছাড়া, মহানগর/উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত "না মঞ্জুরকৃত আবেদনের তালিকা ও সিদ্ধান্ত" প্রতিবেদনে ('গ' তালিকা) যাদের নাম রয়েছে তাঁদের সম্মানী ভাতা স্থগিত রাখা এবং ইতঃপূর্বে দেয়া সার্কুলার মোতাবেক গ্রহণযোগ্য কোন প্রমাণক ব্যতীত কেউ ভাতা পেয়ে থাকলে তা বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৩। উপরোল্লিখিত অনুচ্ছেদ ০১ তালিকার বাইরে যারা মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পাচ্ছেন তাঁদের ভাতা অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নাম জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) সভায় উপস্থাপন করার নিমিত্ত সংযুক্ত ফরমে ৩০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারে নিকট আবেদন দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো। উক্ত দাখিলকৃত আবেদনসমূহ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে তা ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে জামুকা'র সভায় উপস্থাপনপূর্বক পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২৪.০৪.২০১৯

(এ এইচ এম মহসীন রেজা)
সহকারী সচিব

বিতরণ:

০১। জেলা প্রশাসক (সকল), জেলা: .................................................।

০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা: ................................, জেলা: ...................................।

০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), জেলা: ..........................................।

০৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল), উপজেলা: ................................, জেলা: ..............................।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার (সকল), ................................ বিভাগ, জেলা: ................................।

০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, স্বাধীনতা ভবন, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।

০৬। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।

০৭। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

০৮। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।

১০। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

১১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/সনদ, গেজেট ও প্রত্যয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১২। সংরক্ষণ কপি।

ছবি সংযুক্ত করুন

(আবেদনকারী নিজে মুক্তিযোদ্ধা হলে আবেদনকারীর পাসপোর্ট সাইজের এককপি ছবি)

# আপিল দায়েরের ফরম

বরাবর,
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

**বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৪ এপ্রিল ২০১৯ তারিখের ১০০ সংখ্যক পরিপত্রে বর্ণিত তালিকায় নাম নেই এ ধরণের মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বন্ধ/স্থগিতের বিরুদ্ধে আপিল দায়েরের আবেদন।**

মহোদয়,
সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী একজন মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী হিসেবে বিগত ....../....../......... তারিখ থেকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পেয়ে আসছি। কিন্তু গত ....../....../২০১৯ তারিখ থেকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বন্ধ/স্থগিত করে দেয়ায় আপিল আবেদন করছি। নিম্নে আমার/বীর মুক্তিযোদ্ধার প্রয়োজনীয় তথ্যাদি সদয় বিবেচনার জন্য উপস্থাপন করলাম:

১। আবেদনকারীর নাম: ................................................ মোবাইল নম্বর: .........................................................
ই-মেইল নম্বর (যদি থাকে): ..........................................

২। মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক (আবেদনকারী নিজে মুক্তিযোদ্ধা না হলে): ........................................................................

৩। ক) মুক্তিযোদ্ধার নাম: ................................................ খ) জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে): ..........................

গ) জন্ম তারিখ (এসএসসি/দাখিল সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন অনুযায়ী):

ঘ) মৃত্যুর তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে):

ঙ) পিতার নাম:

চ) মাতার নাম:

ছ) স্থায়ী ঠিকানা গ্রাম/মহল্লা/রোড নম্বর: ডাকঘর:
উপজেলা/থানা: জেলা:

জ) বর্তমান ঠিকানা গ্রাম/মহল্লা/রোড নম্বর: ডাকঘর:
উপজেলা/থানা: জেলা:

৪। ভারতীয় তালিকার নম্বর: .................................... থানা/উপজেলা: ........................., জেলা: ..............................

৫। চূড়ান্ত মুক্তিবার্তা (লাল বই) নম্বর: ........................... থানা/উপজেলা: ........................., জেলা: ..............................

৬। গেজেট নম্বর ও তারিখ: ..............................................................................................................................

৭। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের সনদপত্রের নম্বর ও তারিখ: ...................................

৮। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত সাময়িক সনদপত্রের নম্বর, স্মারক ও তারিখ: ....................................................

বিনীত নিবেদক

তারিখ:

(আপিলকারীর স্বাক্ষর)

<u>সংযুক্তি:</u>

১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত সাময়িক সনদপত্রের ছায়ালিপি (যদি থাকে)।
২। ওয়েবসাইট হতে আপলোডকৃত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের সনদপত্রের ছায়ালিপি (যদি থাকে)।
৩। জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি।
৪। ক) ০৩/০৬/২০০৬ তারিখের পূর্বে মৃত্যুবরণকারী মুক্তিযোদ্ধার ক্ষেত্রে বয়সের প্রমানক হিসেবে জন্ম নিবন্ধন সনদপত্রের ছায়ালিপি (ইউপি/ওয়ার্ড কাউন্সিলের দপ্তরে সংরক্ষিত জন্ম রেজিষ্টার অনুযায়ী নির্ধারিত ফরম্যাটে) অথবা এসএসসি/দাখিল সনদের ছায়ালিপি।
খ) ০৩/০৬/২০০৬ তারিখে বা পরে মৃত/বর্তমানে জীবিত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে অনলাইনকৃত জন্ম নিবন্ধন সনদপত্রের ছায়ালিপি।
৫। ক) ০৩/০৬/২০০৬ তারিখের পূর্বে মৃত্যুবরণকারী মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ইউপি/ওয়ার্ড কাউন্সিলের দপ্তরে সংরক্ষিত মৃত্যু রেজিষ্টার হতে মৃত্যুর তারিখ উদ্ধৃত করে নির্ধারিত ফরম্যাটে মৃত্যুর সনদপত্রের ছায়ালিপি।
খ) ০৩/০৬/২০০৬ তারিখের পরে মৃত্যুবরণকারী মুক্তিযোদ্ধার ক্ষেত্রে অনলাইনকৃত মৃত্যুর সনদপত্রের ছায়ালিপি।
৬। আবেদনকারী নিজে মুক্তিযোদ্ধা হলে আবেদনকারীর পাসপোর্ট সাইজের এককপি ছবি নির্ধারিত স্থানে সংযুক্ত করুন।
৭। অন্যান্য।